

সমকাল

কওমী মাদ্রাসার শিক্ষার্থীরা প্রচুর জ্ঞানার্জন করে: ধর্ম প্রতিমন্ত্রী

২৯ মার্চ ২০১৯ | Updated ২৯ মার্চ ২০১৯

পাটিয়া (চট্টগ্রাম) প্রতিনিধি



প্রধান অতিথির বক্তৃতা করছেন ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ আবদুল্লাহ - সমকাল

কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের প্রশংসা করে ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ আবদুল্লাহ জানিয়েছেন, ছোটবেলায় কওমী মাদ্রাসায় পড়াশোনা করে তিনিও দ্বিনি শিক্ষায় শিক্ষিত হয়েছেন।

তিনি বলেন, কওমী মাদ্রাসায় যারা পড়াশোনা করে তারা প্রচুর জ্ঞান অর্জন করে। যা অন্য কোন সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে সন্তুষ্ট হয় না। বিএনপি-জামায়াত-শিবির চক্র কওমী সনদ দেওয়ার কথা বলে কওমীদের সবসময় ব্যবহার করেছে। তারা কওমী সনদের নামে মুলা ঝুলিয়ে রেখেছিল।

শুক্রবার বিকেলে পটিয়া আল জামেয়াতুল আরাবিয়াতুল ইসলামিয়া জিরি মাদ্রাসার দাওরায়ে হাদীসের সমাপনী পাঠদান অনুষ্ঠান উপলক্ষে ৯৮তম খ্রিস্টাব্দী বোখারী শরীফ ও এজলাহী জোড়ে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি।

প্রতিমন্ত্রী জানান, তিনি মন্ত্রীত্ব পাওয়ার পর দশটি কওমী মাদ্রাসা পরিদর্শনের পরিকল্পনা নিয়েছিলেন। তার অংশ হিসেবে জিরি মাদ্রাসায় দাওরায়ে হাদীসের সমাপনী পাঠ্দান ও খতমে বোখারী শরীফে অংশগ্রহণ করেছেন।

তিনি বলেন, খতমে বোখারী শরীফে যারা অংশগ্রহণ করেন তারা আল্লাহর কাছে প্রার্থনা করলে আল্লাহ দ্রুত কবুল করেন।

প্রতিমন্ত্রী আরও বলেন, স্বাধীনতাত্ত্বের কোন সরকার কওমী সনদের স্বীকৃতি দেয়নি। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর কওমী সনদের স্বীকৃতি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী একজন দীনদার পরহেজগার নারী। তিনি কওমী আকুন্দাভূত, তাই কওমী আকুন্দার আলেমদের ভালোবাসেন।

মাদ্রাসার মহাপরিচালক পীরে কামেল আল্লামা শাহ মোহাম্মদ তৈয়বের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন জাতীয় সংসদের ছাইপ ও পটিয়ার সংসদ সদস্য সামঞ্জল হক চৌধুরী, কেডিএস গ্রুপের চেয়ারম্যান খলিলুর রহমান, চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান আবদুস সালাম,

মাদ্রাসা পরিচালক মাওলানা খোবাইবের পরিচালনায় আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন পটিয়া উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মোতাহেরল ইসলাম চৌধুরী, মীর গ্রুপের চেয়ারম্যান আবদুস ছালাম, পটিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা হাবিবুল হাসান, পটিয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার জিসিম উদ্দিন খাঁন, রাজশাহী দারুল উলুম হেদয়া মাদ্রাসার পরিচালক আল্লামা শরিফ উদ্দিন, ফুলকলির পরিচালক জহির উদ্দিন, আল বারাকা গ্রুপের চেয়ারম্যান এনামুল হক, আজিমুল হক প্রমুখ।

আলোচনা সভা শেষে আখেরী মোনাজাত পরিচালনা করেন পটিয়া আল জামেয়াতুল আরাবিয়াতুল ইসলামিয়া জিরি মাদ্রাসার মহাপরিচালক পীরে কামেল আল্লামা শাহ মোহাম্মদ তৈয়ব।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল: ad.samakalonline@outlook.com